

# উপায়ুক্তের দ্বারা আবেদনকারীদের বাড়ী গিয়ে নথিপত্রের পুনঃ পরীক্ষণ করা হবে

- ১। অসমে নাগরিকপঞ্জী উন্নীতকরণের সমগ্র প্রক্রিয়াটি নাগরিকত্ব আইন, ১৯৫৫ এবং নাগরিকত্ব বিধি, ২০০৩এর ব্যবস্থাবলীর অধীনে ১৯৭১ সনের ২৪ মার্চ (মধ্যরাত্রি) পর্যন্ত নির্ধারিত সময়সীমা ভিত্তি করে অসম চুক্তির সিদ্ধান্ত অনুযায়ী চলছে। উন্নীতকরণের সমগ্র প্রক্রিয়াটি ভারতের মহামান্য উচ্চতম ন্যায়ালয়ের প্রত্যক্ষ তত্ত্বাবধানে করা হচ্ছে।
- ২। কিছু আবেদনপত্র জেলা দণ্ডাধীশ (উপায়ুক্ত) দ্বারা পুনঃ পরীক্ষণের প্রয়োজন হতে পারে।
- ৩। নাগরিকত্ব বিধি, ২০০৩এর ব্যবস্থাবলীর অধীনে যেসব ক্ষেত্রে জেলা দণ্ডাধীশ (উপায়ুক্ত) দ্বারা অনুসন্ধান / তদন্ত এবং পুনঃ পরীক্ষণের প্রয়োজন হবে, সেসব ক্ষেত্রে এনআরসি সেবা কেন্দ্র (এন এস কে) থেকে পরীক্ষণকারীর দল আবেদনকারীদের বাড়ীতে যাওয়ার সময় সন্দেহ দূরীকরণ এবং স্পষ্টীকরণের জন্য আবেদনকারীগণ পর্যাপ্ত সুযোগ পাবেন।
- ৪। পুনঃ পরীক্ষণের এই প্রক্রিয়া ডিসেম্বর ২০১৭র প্রথম সপ্তাহ থেকে শুরু হবে এবং এন এস কে / গ্রামপ্রধান / ক্ষেত্র পর্যায়ের আধিকারীদের (এফএলও) কাছে পুনঃ পরীক্ষণের সূচী থাকবে।
- ৫। আবেদনকারীদের যেসব নথিপত্র বা বিবরণের পুনঃ পরীক্ষণের প্রয়োজন হবে সেসবের বিবরণ পরীক্ষণকারীর দল আবেদনকারীকে লিখিতভাবে জানাবেন।
- ৬। আবেদনকারীকে পরীক্ষণকারীর দলের পুনঃ পরীক্ষণের জন্য নথিপত্রসমূহের মূল কপি দেখাতে হবে কিন্তু পরীক্ষণকারীর দল বা এনআরসি কর্তৃপক্ষ কেউই এই মূল নথিপত্রসমূহ সংগে নিয়ে যাবেন না।
- ৭। নাগরিকপঞ্জীতে প্রকৃত ভারতীয় নাগরিকদের নাম অন্তর্ভুক্ত হওয়া এবং অবৈধ প্রবজনকারীদের নাম অন্তর্ভুক্ত না হওয়াটা নিশ্চিত করতে জনগণের আন্তরিক সহযোগিতা অপরিহার্য।
- ৮। এই প্রক্রিয়ায় হয়রানির সম্মুখীন হলে জনগণকে তাদের সংশ্লিষ্ট এন এস কে'র নাগরিক পঞ্জীয়নের স্থানীয় পঞ্জীয়ক (এলআরসিআর) বা রাজস্ব চক্র আধিকারীক বা উপায়ুক্তের কাছে অভিযোগ দাখিল করতে অনুরোধ জানানো হল।
- ৯। জনগণকে কোন দুষ্টচক্র দ্বারা প্রচারিত ভূয়ো খবর বা অপপ্রচারে কাণ না দিতে অনুরোধ জানানো হল। সব প্রকৃত ভারতীয় নাগরিকের নাম নিশ্চিতভাবে নাগরিকপঞ্জীতে সন্নিবিষ্ট হবে।
- ১০। এই সংক্রান্তে কিছু জানার থাকলে—
  - সংশ্লিষ্ট এনআরসি সেবা কেন্দ্র (এন এস কে) বা রাজস্ব চক্র আধিকারিক এবং নাগরিক পঞ্জীয়নের চক্র পঞ্জীয়ক (সি আর সি আর) বা জেলা উপায়ুক্ত এবং নাগরিক পঞ্জীয়নের জেলা পঞ্জীয়ক (ডি আর সি আর) এর সংগে যোগাযোগ করতে পারেন।
  - এনআরসির ২৪x৭ টোল ফ্রী হেল্পলাইন নম্বর ১৫১০৭ (অসমের জন্য) এবং ১৮০০৩৪৫৩৭৬২ নম্বরে (অসমের বাইরে থেকে) ফোন করতে পারেন।
  - আমাদের ওয়েবসাইট [www.nrcassam.nic.in](http://www.nrcassam.nic.in) দেখতে পারেন এবং 'কমপ্লেন্টস এণ্ড ফিডবেক' পৃষ্ঠার ওপর ক্লিক করে আপনার অভিযোগ পঞ্জীয়ন করতে পারেন।

জনহিতার্থে প্রচারিত

রাজ্যিক সমন্বয়ক, রাষ্ট্রীয় নাগরিক পঞ্জীয়ন, অসম সরকার  
নাগরিক পঞ্জীয়নের মহা পঞ্জীয়ক, গৃহ মন্ত্রালয়, ভারত সরকার